নোটিশসহইউডিসিসিসভারকার্যবিবরণী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৪ নং আড়ুকান্দা ইউনিয়ন পরিষদকার্যালয়

পরিষদটি, জামালপুর।

ইউনিয়ন উন্নয়ন সমন্বয়কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি- মোঃ শেখ সালাহউদ্দিন, পদবী- ইউ,পি চেয়ারম্যান।

সভাস্থান- ইউ,পি অফিস, সভার তারিখ-১৮-০১-২০২১ ইং, সময়-সকাল ১১.০০ ঘটিকা।

সভায়উপস্থিতসদস্যবৃন্দ-হাজিরাসংযুক্ত

ক্রমঃ	আলোচ্যবিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন অদ্যকার সভা জনাব মোঃ শেকান্দার হোসেন ইউ,পি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে শুরু করা হলো। সভার গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হল।	কোন প্রকার সংশোধনী না থাকায় সর্ব-সম্মতিক্রমে অনুমোদন দেওয়া হয়।	কমিটিসদস্য সকল।
০২	২০২০,২০২১,ইংঅর্থবছরের উন্নয়ন প্রকল্প নিয়ে আলোচনায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইউ,পি সচিব জনাব মোঃবজলুল হক সাহেব ২০০২,২০২১ইংঅর্থবছরেএলজিএসপি-৫,এডিপি,টিআর,কাবিখা, কাবিটা, ইজিপিপি বরাদ্দকৃত অর্থ দিয়ে যে সকল উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে এবং বাস্তবায়নাধীন আছে যে সকল প্রকল্পের তালিকা সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত প্রকল্প গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	প্রকল্প গুলো সঠিক সময়ে সঠিক ভাবে শতভাগ বাস্তবায়ন করার ইউ,পি চেয়ারম্যান সাহেবকে ধন্যবাদ দেওয়া হয়। বাস্তবায়নাধীন প্রকল্প গুলো যথা সময়ে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদ।
০৩	এল সিসিসিই প্রকল্পঃ সভায় এল সিসিসিই-র উপজেলা ক্যাসিলেটর মোছাঃ রাশেদা বেগম এল সিসিসিই প্রকল্প নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অত্র ইউনিয়নে ০৯টি ওয়ার্ডের ০৯টি এবং ইউনিয়ন পরিষদের ০১টি তথ্যসেবা স্থাপন করা হয়েছে। মা ও শিশুদের জন্য চলমান সেবা সম্বলিত ৪২০০টি ফ্লাযারস ইউনিয়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে লাগানো হয়েছে। মা ও শিশুদের জন্য পৃথক ভাবে পরিকল্পনা করা হয়েছে এবং বাস্তবায়ন করা হয়েছে। আজকের সভায় খরচের জন্য (UDCC) ৫০০০/-টাকা সভায় দেয়া হয়েছে।	তথ্যসেবার গুলো হালনাগাদ করে মা ও শিশুদের জন্য পৃথক পরিকল্পনা সঠিক ভাবে শতভাগ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহন করা হল। এল,সি,সিসিই প্রকল্পের আওতায় ইউপিসিসিকে কার্যকরী করার উদ্যোগ নেওয়ায় ইউনিসেফ বাংলাদেশকে ধন্যবাদ দেয়া হয়।	ইউনিয়ন এল,সি,সি, সিই কমিটি ও ইউনিয়ন পরিষদ।
০৪	কৃষিঃ সভায় উপসহকারী কৃষিকর্মকর্তা জনাব মোঃ আঃ কাদের সাহেব কৃষি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। ১০টি প্রদর্শনীসুমে কৃষকদের মাঝে সরিষা ও পমকীজ এবং সার বিতরন করা হয়েছে। কৃষি বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার জন্য ২০২০-২০২১ ইং অর্থ বছরে ০১টি প্রকল্প গ্রহণ করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের উপর বিস্তারিত আলো চনা করা হয়।	৯টি ওয়ার্ডে (প্রতিওয়ার্ডে ১৫০জন) ১৫৫০ জন কৃষককে কৃষি বিষয়ে ৫,০০,০০০/- টাকা বরাদ্দ রেখে ২০২০,২০২১ অর্থ বছরে প্রকল্প গ্রহণ করা হবে।	ইউনিয়ন পরিষদ ও উপজেলা কৃষি অফিস।
০৫	স্বাস্থ্যঃ সভায় সরকারি স্বাস্থ্য পরিদর্শক মোছাঃ শামছুন্নাহার স্বাস্থ্য বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সকলের সার্বিক সহযোগিতায় স্বাস্থ্য বিভাগের কাজকর্ম সঠিক ভাবে সম্পন্ন হয়েছে। স্বাস্থ্য কর্মীগণ বাড়ী বাড়ী গিয়ে মা ও শিশুদের সেবা দিয়ে যাচ্ছে। তিনি কমিউনিটিক্লিনিকের (সিসি) মাধ্যমে মা ও শিশুদের সেবা দেয়া হচ্ছে। তিনি কমিউনিটিক্লিনিক গুলোর বাউন্ডারী ওয়াল করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	২০২০,২০২১ অর্থ বছরে কম পক্ষে ৪টি কমিউনিটি ক্লিনিকের পাকা রাস্তা তৈরী করার প্রকল্প গ্রহন করা হবে।	ইউনিয়ন পরিষদ।
০৬	পরিবার পরিকল্পনাঃ সভায় উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার পরিবার পরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সকলের সার্বিক সহযোগিতায় পরিবার পরিকল্পনা বিভাগের কাজ কর্ম সঠিক ভাবে সম্পন্ন হচ্ছে। পরিবার পরিকল্পনা কর্মীগণ বাড়ীবাড়ী গিয়ে মা ও শিশুদের সেবা দিয়ে যাচ্ছে। তিনি বাউন্ডারী পরিবার কল্যাণ কেন্দ্রে রোগিদের বসার জন্য আসবাবপত্র সরবরাহের প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	২০২০,২০২১ অর্থ বছরে বাউন্ডারী পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য বাউন্ডারী ওয়াল তৈরী প্রকল্প গ্রহন করা হবে।	ইউনিয়ন পরিষদ।